

করোনা প্রতিরোধে উদ্যমী নেতা ওসমান

করোনা ভাইরাস প্রতিরোধে একজন উদ্যোগী তরুণের নাম ওসমান। রংপুর জেলার গঙ্গাচড়া উপজেলার গজঘন্টা ইউনিয়ন ইয়ুথ এন্ডিং হান্সারের নেতা মোঃ ওসমান গনি স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন 'বন্ধন' এর সহযোগিতায় গত সপ্তাহে গ্রামের ১৫০টি দরিদ্র পরিবারের মাঝে তিন কেজি করে চাল ও দুই কেজি করে আটা বিতরণ করেছেন। এই কাজে তাকে সহযোগিতা করছেন ইয়ুথ লিডার হাসান ও মামুন।



এছাড়াও ইউনিয়ন পরিষদ ও অন্যান্য ইয়ুথ লিডারদের সহযোগিতা নিয়ে ওসমান এলাকার ১২টি মসজিদে ২৪টি এবং দরিদ্র পরিবারের মাঝে ২২০টি সাবান বিতরণ করেছেন। এলাকার জনসাধারণকে সচেতন করতে ১৩০টি লিফলেট বিতরণ করেছেন।

ইয়ুথ লিডার ওসমান এলাকার তরুণদের সম্পৃক্ত করে ৪৫০ লিটার জীবাণুনাশক ইউনিয়নের বাজার, বিভিন্ন রাস্তা ও ২৫টি বাড়িতে স্প্রে করেছেন। তিনি গজঘন্টা ইউনিয়ন পরিষদের উদ্যোগে হতদরিদ্রের তালিকা তৈরি এবং সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাইকের মাধ্যমে প্রচারে সক্রিয়ভাবে অংশগ্রহণ করছেন।



চুয়াডাঙ্গায় ইয়ুথ লিডার সেলিমের উদ্যোগ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইয়ুথ এন্ডিং হান্সারের সদস্য মোঃ সেলিম রেজা তার নিজ এলাকা চুয়াডাঙ্গা জেলায় বিশ্ববিদ্যালয় পড়ুয়া ১৫ জন স্বেচ্ছাসেবীকে সাথে নিয়ে জীবাণুনাশক স্প্রে, ১০০টি দরিদ্র পরিবারে সাবান বিতরণ এবং সচেতনতা তৈরির কাজ করেছেন। গত ৯ ও ১০ এপ্রিল চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার আসমানখালী বাজার, শালিকা ও মোচাইনগর গ্রামে এই কর্মসূচি পরিচালিত হয়।

এছাড়াও তারা গ্রামবাসীকে প্রয়োজন ছাড়া বাড়ির বাইরে বের না হতে সচেতন করতে তাদের কর্মসূচি দু'টি ফেসবুক আইডি থেকে লাইভ প্রচার করেন, যা ১,০০০ এর অধিক বার দেখা হয়েছে।

কিশোরীদের প্রজনন স্বাস্থ্য সুরক্ষায় এগিয়ে এসেছে রাজশাহীর ইয়ুথ লিডার

সামাজিক উদ্যোগটি মূলত কাজ করে রাজশাহী শহরের প্রান্তিক জনগোষ্ঠীর বয়ঃসন্ধীকালীন কিশোরীদের প্রজনন স্বাস্থ্যসেবা সম্পর্কে সচেতনতা তৈরিতে কাজ করে ইয়ুথ এন্ডিং হান্সারের ১,১১০ ব্যাচের সামাজিক উদ্যোগ 'Reproductive Health Awareness'। করোনাভাইরাস আক্রমণের ফলে সাম্প্রতিক



অবস্থায় কর্মহীন পরিবারগুলো কিশোরী মেয়েদের প্রজনন স্বাস্থ্য সুরক্ষা সামগ্রীর ক্রয়ক্ষমতা হারিয়েছে। এই সময়ে তাদের প্রজনন স্বাস্থ্য এবং তা সম্পর্কিত সুরক্ষা যেনো বিঘ্নিত না হয় সেজন্য তরুণ নেতারা রাজশাহী শহরের শ্রীরামপুর এলাকায় গত ১০ এপ্রিল ২০২০ তারিখে দরিদ্র পরিবারের কিশোরীদের কাছে প্রয়োজনীয় সামগ্রী পৌঁছে দেয়। এছাড়াও তাদের উদ্যোগে অত্র এলাকায় করোনাভাইরাস বিষয়ে সচেতনতা তৈরিতে লিফলেট বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয়েছে। এই উদ্যোগে সহায়তা করে ইয়ুথ এন্ডিং হান্সার-এর রাজশাহী সিটি ইউনিট এবং সামাজিক উদ্যোগ 'Change to learn'।

সবাই মিলে **শপথ করি**
করোনা ভাইরাসমুক্ত গ্রাম গড়ি

